


উপজেলা আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : শেখ হাফিজুর রহমান  
 সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ  
 সভার তারিখ : ২৯/০৯/২০১৯ খ্রি.  
 সময় : ১২.০০ ঘটিকায়

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে উপজেলা আইসিটি কমিটি এর কার্য পরিধি সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহন করা হয়।

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	বাস্তবায়ন
০১	উপজেলা তথ্য বাতায়ন হালানাগাদ করণ	উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে তাদের তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে। পত্র যোগাযোগের সময় স্ব স্ব দপ্তরের অফিস হেডে নিজস্ব ওয়েব সাইটের ঠিকানা ব্যবহার করা উচিত। নাগরিক সেবার মান বৃদ্ধিতে প্রত্যেক দপ্তরের নোটিশ ও খবর নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ করা যেতে পারে।	উপজেলার সকল দপ্তর প্রধান
০২	শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন ও প্রশিক্ষণের আয়োজন	শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন ও ল্যাবে প্রশিক্ষণ চলমান রাখার বিষয় এবং অন্যান্য দপ্তরের প্রশিক্ষণ কার্যক্রম ল্যাবে সম্পন্ন করা যেতে পারে।	উপজেলা আইসিটি কমিটির সদস্য ও সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর।
০৩	মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন	মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমের কার্যক্রম বাস্তবায়ন ও পরিদর্শন করা এবং প্রধান শিক্ষক ও আইসিটি শিক্ষকদের নিয়ে সভার আয়োজন করে (MMC) ক্লাসের নিয়মকানুন অবহিত করনের বিষয়ের আলোচনা করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৪	উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরের ই-ফাইলিং সিস্টেম (ই-নথি) এর ব্যবহার	প্রাপ্ত পত্র সমূহ ই-নথি সিস্টেমে এন্ট্রি করে নিষ্পত্তি ও পত্র জারী সকল দপ্তরে চালু করার বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা কৃষি অফিস, উপজেলা মৎস্য অফিস, উপজেলা প্রাণীসম্পদ অফিস, উপজেলা মহিলা বিষয়ক অফিস, উপজেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস।
০৫	সরকারী ইমেইল ব্যবহার	সরকারি নির্দেশনা মোতাবেক রাষ্ট্রীয় নিরাপত্তার লক্ষ্যে ব্যক্তিগত ই-মেইল ব্যবহার পরিহার করে সরকারি ই-মেইল ব্যবহার নিশ্চিত করতে হবে।	উপজেলার সকল দপ্তর প্রধান
০৬	উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রশিক্ষণ	উপজেলা পর্যায়ে সকল সরকারি দপ্তরের কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিকরণের জন্য সপ্তাহে এক দিন করে প্রশিক্ষণের আয়োজন করা হবে।	উপজেলার সকল দপ্তর প্রধান ও উপজেলা কার্যালয়, আইসিটি অধিদপ্তর
০৭	বিবিধ	নাগরিক সেবার মান বৃদ্ধি/দ্রুত সময়ে সেবা প্রাপ্তি নিশ্চিত করতে উপজেলা পর্যায়ে সকল দপ্তরের সরকারি ইন্টারনেট সংযোগ সচল ও এর যথাযথ ব্যবহার নিশ্চিত করন বিষয়ের আলোচনা করা হয়।	উপজেলার সকল দপ্তর প্রধান

অর্তঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 (শেখ হাফিজুর রহমান)

ও  
 সভাপতি  
 উপজেলা আইসিটি কমিটি  
 ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

স্মারক নং- ৫৬.০৪.৬১৫২.০০০.০৬.০০৩.১৯- ০৫

তারিখ: ১৪ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ  
২৯ সেপ্টেম্বর ২০১৯খ্রি:

অনুলিপিঃ সদয় কার্যার্থে এবং জ্ঞাতার্থে প্রেরণ করা হলো( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বেগম রওশন এরশাদ এমপি, মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৪৯ ময়মনসিংহ-৪, ময়মনসিংহ।
২. জনাব মনিরা সুলতানা (নির্বাচনী এলাকা-৩২৬, মহিলা আসন-২৬) মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৩. জনাব ফাহমী গোলন্দাজ বাবেল, (নির্বাচনী এলাকা-১৫৫, ময়মনসিংহ -১০) মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৪. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক ( শিক্ষা ও আইসিটি), ময়মনসিংহ।
৭. উপজেলা ..... অফিসার, সদর, ময়মনসিংহ।
৮. অফিস কপি।



(শরিফুল ইসলাম)  
সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়  
সদর, ময়মনসিংহ।

ও

সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি